গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সরকারি আবাসন পরিদপ্তর
অফিস স্থান শাখা
www.doga.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০৯.২২.০০১.১৯.৩৭ তারিখ: ৪ চৈত্র ১৪২৬
১৮ মার্চ ২০২০

বিষয়: **সিআইডি"র ফোর্স ব্যারক ভবন হিসেবে ব্যবহারের জন্য বেসরকারি বাড়ি ভাড়া করার অনাপত্তিপত্র প্রদান প্রসংগে।**

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, পুলিশ শাখা-৫ এর পত্র স্মারক নং-৫৩, তারিখঃ ১৬-০২-২০২০খ্রিঃ

**উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখার পত্র স্মারক নং-শা-২/২এম-২৬/২০০৭/৫৪২, তারিখঃ ১৫ নভেম্বর ২০০৭ এর সর্বশেষ পরিপত্র মোতাবেক সরকারি অফিসের জনবলের প্রাপ্যতা অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/বিভাগের অনুকূলে অত্র পরিদপ্তর হতে বেসরকারি বাড়ি/অফিসস্থান ভাড়া করার ছাড়পত্র প্রদান করা হয়ে থাকে। পরিপত্রে সরকারি অফিস কক্ষের আয়তন/পরিমাপ সংক্রান্ত বিষয়াদি উল্লেখ থাকলেও ব্যারাক সংক্রান্ত কোন নির্দেশনা নেই। বিধায় সিআইডি'র ফোর্স ব্যারাক এর জন্য আয়তন নির্ধারণ সম্ভব নয়।**

**এমতাবস্থায়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্রে ফোর্স ব্যারাক সংক্রান্ত কোন তথ্য উল্লেখ না থাকায় অপরাধ তদন্ত বিভাগ, বাংলাদেশ পুলিশ, সিআইডি, ঢাকা অফিসের অনুকূলে ফোর্স ব্যারাক ভবন হিসেবে ব্যবহারের জন্য বেসরকারি বাড়ি ভাড়া করার অনাপত্তিপত্র প্রদান করার বিধিগত সুযোগ নেই।**

১৮-৩-২০২০
আঞ্জু আরা খাতুন
সহকারী পরিচালক
ফোন: +৮৮০২৯৫৪৬৩১০
ইমেইল: offspace@doga.gov.bd

সিনিয়র সহকারী সচিব
পুলিশ-৫ শাখা
জননিরাপত্তা বিভাগ

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০৯.২২.০০১.১৯.৩৭/১(৬) তারিখ: ৪ চৈত্র ১৪২৬
১৮ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১) অতিরিক্ত আইজিপি, সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
২) যুগ্মসচিব, বাজেট অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৩) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৪) সহকারী পরিচালক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর
৫) সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর
৬) সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, অতিরিক্ত পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর

১৮-৩-২০২০